

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, তারিখ : ১৯ আগস্ট, ২০১৭।

প্রতিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মীবৃন্দ

হতে : নির্বাহী পরিচালক

বিষয় : অফিসিয়াল মেস পরিচালনা ও ব্যক্তিগত ধারদেনা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাদেরকে জানানো যাচ্ছে, বিভিন্ন সূত্র থেকে আমরা অবগত হয়েছি যে;
 - ক. অনেক জায়গায় বিশেষ করে মেস পরিচালনায় শাখা প্রধান ও অফিস প্রধানের আগ্রহ নেই, অথবা তারা নিজেরাই মেস পরিচালনায় আগ্রহী টাকা প্রদানে গড়িমসি করেন।
 - খ. অনেক কর্মী অফিসিয়াল মেসে খান না। যেহেতু নারী কর্মীরা রাতে অফিসে থাকেন না, রাতে না খাওয়াটা স্বাভাবিক, কিন্তু অনেক নারী কর্মী দুপুরেও অফিসে খান না, যা রীতি বিরুদ্ধ।
 - গ. মেস পরিচালনার জন্য স্থানীয় দোকান থেকে বাকী করা হয় যা শৃংখলা বিরোধী এবং কর্মীদের ভেতর ধারদেনা প্রদান বিদ্যমান।
২. এটা সবার মনে রাখা উচিত যে, কোস্ট টীম বিল্ডিং এবং স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রতিটি জায়গায় মেস প্রতিষ্ঠার জন্য অনেক অর্থ বিনিয়োগ করেছে, এমনকি খাবার তৈরিতে স্বাস্থ্যগত মান রক্ষার জন্য সেবা কর্মীদের প্রশিক্ষণ দিয়েছে। তাই মেসে নিয়মিত না খাওয়া বা অগ্রিম টাকা না দেয়া, ব্যক্তিগত ধারদেনা এবং দোকান থেকে বাকীতে পন্য কেনা একটি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে সংস্থা মনে করে।
৩. এমতাবস্থায় সকল শাখা/প্রকল্প/অফিস প্রধান সহ সকল কর্মীদের নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য অনুরোধ করা হচ্ছে ;
 - ক. আগামী ২১.০৮.২০১৭ইং তারিখের মধ্যে এই সার্কুলারটি সভা করে সকল কর্মীদের সাথে আলোচনা করতে হবে এবং সবাই অবগত হয়েছে এই মর্মে সবার স্বাক্ষর নিয়ে ৩১.০৮.২০১৭ইং পর্যন্ত সার্কুলারটি বোর্ডে ঝুলায়ে রাখতে হবে।
 - খ. সকল শাখা/প্রকল্প/অফিস প্রধান মেস পরিচালনা নিশ্চিত করবেন। এক্ষেত্রে কোন কর্মী যদি এটা পালন না করেন তবে তা নিম্নস্বাক্ষরকারীকে সরাসরি জানাতে হবে।
 - গ. আগামী ২৩.০৮.২০১৭ইং বোনাস পাওয়ার সাথে সাথে একই দিনের মধ্যে সকল কার্যালয়ের কর্মীকে তাদের আগামী মাসের (সেপ্টেম্বর) মেসের অগ্রিম টাকা জমা দিতে হবে এবং কোন ব্যক্তিগত ধারদেনা ও দোকানে বাকী থাকলে তা উক্ত তারিখের মধ্যে Clean করতে হবে। সকল শাখা/প্রকল্প/অফিস প্রধান তা নিশ্চিত করবেন। এসম্পর্কিত নিম্নে দুইটি ছক দেয়া হলো, যা আগামী ২৪.০৮.২০১৭ইং তারিখের মধ্যে পুরন করে নিম্নস্বাক্ষরকারীর নিকট পাঠাতে হবে।
 - ঘ. যদি পরবর্তিতে দেখা যায় উক্ত ধারদেনা ও বাকী Clean হয়নি তাহলে সংশ্লিষ্ট শাখা/প্রকল্প/অফিস প্রধানের নিকট হতে তা জরিমানা স্বরূপ আদায় করা হবে এবং যে কর্মী তার দেনা উল্লেখিত সময়ের মধ্যে Clean না করবে, তবে তা দিগুন হারে তার বেতন বা সংস্থায় জমানো ব্যক্তি তহবিল (পিএফ/ওয়েলফেয়ার ফান্ড) হতে সমন্বয় করা হবে।
 - ঘ. যদি কোন শাখা/অফিস/প্রকল্প/সেক্টর প্রধান বা যেকোন কর্মী এ ধরনের ব্যক্তিগত ধারদেনা এবং দোকানের বকেয়া জানা সত্ত্বেও তথ্য গোপন করেছেন, তাহলে উক্ত কর্মীর নিকট হতে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে এর দেড়গুন টাকা আদায় করা হবে।
৪. যেসকল কর্মী (সকল পর্যায়ের) ব্যক্তিগত ধার/দেনা করেছেন তাদের তালিকা সংযুক্ত ছক অনুযায়ী সরাসরি নিম্নস্বাক্ষরকারীকে জরুরিভাবে ২২.০৮.২০১৭-এর মধ্যে জানাতে হবে। উল্লেখ্য যে, এ সময়ের মধ্যে জানালে ঈদের বোনাস থেকে ২৩.০৮.২০১৭ তারিখের মধ্যে তা সমন্বয় করা যাবে।

এই সার্কুলারের সাথে কারো কোন অস্পষ্টতা বা দ্বিমত পোষন থাকলে তা আগামী ৩১.০৮.২০১৭-এর মধ্যে নিম্নস্বাক্ষরকারী বা পরিচালককে জানাতে হবে এবং সার্কুলারটির অনতিবিলম্বে কার্যকারী হবে। এ ব্যাপারে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,


Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

রেজাউল করিম চৌধুরী

অনুলিপি : পরিচালক

সকল উপ-পরিচালক এবং সহ-পরিচালক

অফিস কপি

কোস্ট ট্রাস্ট, ঢাকা

টেবল-১: যেসকল কর্মী সেপ্টেম্বর'১৭ মাসের মেসের অগ্রিম টাকা প্রদান করেনি তাদের তালিকা

অফিস/প্রকল্প কার্যালয়ের নাম :

অঞ্চল :

ক্রম নং	কর্মীর নাম	পদবী	টাকার পরিমাণ

শাখা/প্রকল্প প্রধানের স্বাক্ষর

আরপিসি/অফিস প্রধানের স্বাক্ষর

টেবল-২: যেসকল কর্মীর দোকান বাকী এবং ধার-দেনা বিদ্যমান তাদের তালিকা

অফিস/প্রকল্প কার্যালয়ের নাম :

অঞ্চল :

ক্রম নং	কর্মীর নাম	পদবী	দোকান বাকীর টাকা	ব্যক্তিগত দেনা বা ঋণের টাকা

শাখা/প্রকল্প প্রধানের স্বাক্ষর

আরপিসি/অফিস প্রধানের স্বাক্ষর